'কৃষিই সমৃদ্ধি'

Government of the People's Republic of Bangladesh
Project Implementation Unit (PIU)
National Agricultural Technology Programe- Phase II
Project (NATP-2)
Department of Agricultural Extension (DAE)
Khamarbari, Farmgate, Dhaka-1215

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II
প্রজেক্ট (এনএটিপি-২)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

# বিজ্ঞপ্তি

নং: ১২.০১.০০০০.০০০.৩৬.১০১.১৭- ২২৬২(৬৫৪) তারিখ: ৩০ অক্টোবর ২০১৮ খ্রিঃ

**বিষয়: এআইএফ-২ (এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-২) প্রতিযোগিতামূলক ম্যাচিং গ্রান্ট বিতরণের লক্ষ্যে উপ-প্রকল্প প্রস্তাব আহ্বান।**

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/অধিদপ্তর | কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)। |
| ২ | প্রকল্প দপ্তর | প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পিআইইউ-এনএটিপি২-ডিএই), ১ম বিল্ডিং, ৬ষ্ঠ তলা, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। |
| ৩ | উপ-প্রকল্প | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট- উপ-প্রকল্প। |
| ৪ | প্রকল্প/উপ-প্রকল্প পরিচিতি | কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি এবং বাজার প্রবেশাধিকার উন্নয়নের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় গৃহীত একটি প্রকল্প এনএটিপি-২। এ প্রকল্পের মূল কেন্দ্র বিন্দু হলো ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সমন্বয়ে গঠিত-"কমন ইন্টারেস্ট গ্রুপ (সিআইজি)"। মজবুত ও টেকসই ভিত্তি প্রতিষ্ঠার মাধ্যমে সিআইজিসমূহকে স্থায়িত্বশীল কৃষক সংগঠন হিসেবে রূপদান এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। প্রকল্প কার্যক্রমে নারী কৃষক ও নৃতাত্ত্বিক গোষ্ঠির উন্নয়নে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। দেশের ৫৭টি জেলার ২৭০টি উপজেলায় ২৭১৫০টি সিআইজি এ প্রকল্প কার্যক্রমের আওতাভুক্ত।<br>প্রকল্পের আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড -২ (এআইএফ-২) বিশেষ একটি উইন্ডো বা বাতায়ন যার আওতায় উৎপাদনশীল প্রযুক্তি গ্রহণ/বিস্তার এবং বাজার প্রবেশাধিকার সহজীকরণের নিমিত্ত সম্ভাবনাময় উপ-প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে যোগ্যতাসম্পন্ন সিআইজি-সমূহকে প্রতিযোগিতামূলক ম্যাচিং গ্রান্ট বা অনুদান প্রদানের মাধ্যমে সহায়তা প্রদান করা হবে। স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রেখে উপ-প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এআইএফ-২ এর অন্যতম শর্ত। |
| ৫ | এআইএফ-২ প্রতিযোগিতামূলক ম্যাচিং গ্রান্ট/অনুদান প্রাপ্তির জন্য সিআইজি'র যোগ্যতা | - ব্যালেন্সড স্কোর কার্ড ভিত্তিক মূল্যায়নে সিআইজি-কে "এ" বা "বি" গ্রেড প্রাপ্ত হতে হবে;<br>- সিআইজি ব্যাংক একাউন্ট পরিচালনাসহ নিয়মিত সঞ্চয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত হতে হবে;<br>- অন্যান্য। |
| ৬ | ম্যাচিং গ্রান্ট/ অনুদানের পরিমাণ | মোট উপ-প্রকল্প ব্যয়ের ৭০%, তবে সর্বোচ্চ ৩ লক্ষ ৮৭ হাজার ৫ শত টাকা। |
| ৭ | প্রযোজ্য শর্তাবলী/ নীতিমালা | - কেবল যোগ্যতাসম্পন্ন সিআইজি-ই ম্যাচিং গ্রান্ট বা অনুদান প্রাপ্তির লক্ষ্যে উপ-প্রকল্প দাখিলের সুযোগ পাবে, সিআইজি'র কোন একক সদস্য নহে;<br>- মোট উপ-প্রকল্প ব্যয়ের ন্যূনতম ৩০% অর্থ সিআইজি'র ব্যাংক একাউন্টে নিয়মিত সঞ্চয় হিসেবে থাকতে হবে;<br>- দীর্ঘ সময় ব্যাপী অধিক উৎপাদন ও আয় বর্ধনমূলক কার্যক্রমের মাধ্যমে টেকসই উৎপাদন ও বাজার ব্যবস্থায় সক্ষম- এমন উপ-প্রকল্প অনুদানের জন্য বিবেচনা করা হবে;<br>- যাচাই, বাছাই ও মূল্যায়নের মাধ্যমে কেবল অনুমোদিত উপ-প্রকল্পসমূহকে অনুদান সহায়তা দেয়া হবে;<br>- প্রকল্প আরোপিত শর্তাবলির আলোকে গ্রান্টের জন্য নির্বাচিত সিআইজি-কে অঙ্গীকারনামায় স্বাক্ষর করতে হবে;<br>- প্রকল্প নির্ধারিত ছকে উপ-প্রকল্প প্রণয়ন পূর্বক অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত নির্দিষ্ট তারিখের মধ্যে দাখিল করতে হবে। |
| ৮ | উপ-প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা | উপ-সহকারী কৃষি কর্মকর্তা (এসএএও) সহ ডিএই এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ। |
| ৯ | পরিবীক্ষণ ও মূল্যায়ন | প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ডিএই এর কর্মকর্তাবৃন্দ, স্বতন্ত্র বৈশিষ্ট্যধর্মী নিরপেক্ষ ফার্ম ও কমিশন কর্তৃক উপ-প্রকল্পের কার্যাদি নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হবে। |
| ১০ | উপ-প্রকল্প ছক, নীতিমালা ও সংশ্লিষ্ট ডকুমেন্টের প্রাপ্তিস্থান | সংশ্লিষ্ট এসএএও এর নিকট হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া স্থানীয় উপজেলা কৃষি অফিস/ফিয়াক থেকেও সংগ্রহ করা যেতে পারে। |
| ১১ | সিআইজি কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসে দাখিল | সর্বশেষ ১৭ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ, অফিস চলাকালীন সময়। |
| ১২ | উপজেলা কর্তৃক পিআইইউ-এনএটিপি২-ডিএই-তে দাখিল | ১০ জানুয়ারি ২০১৯ খ্রিঃ। |

সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্য স্থানীয় উপজেলা কৃষি অফিস হতে জানা/সংগ্রহ করা যাবে।

৩০.১০.২০১৮
(ড. রতন চন্দ্র দে)
পরিচালক

P. T. O.

কার্যার্থে:

উপজেলা কৃষি কর্মকর্তা, ......................................... উপজেলা, .................................. জেলা (২৭০)।

এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বিতরণের লক্ষ্যে উপ-প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত ও বাস্তবায়নে সংশ্লিষ্ট এসএএও এবং সিআইজি-দের উদ্যোগী ভূমিকা পালনের নিমিত্ত বহুল প্রচারসহ সংশ্লিষ্ট বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো এবং ১০ জানুয়ারি ২০১৯ তারিখের মধ্যে সিআইজি দাখিলকৃত উপ-প্রকল্প প্রস্তাবসমূহ যাচাইয়ান্তে সংশ্লিষ্ট ডকুমেন্টসহ অত্র প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তঃ

১. অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৩. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।

৪. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৫. পরিচালক; পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৬. অতিরিক্ত পরিচালক, ..................................................অঞ্চল (১৪)।

৭. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..................................................................জেলা (৫৭)।

৮. উপপরিচালক (আইসিটি); পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। ডিএই ওয়েব-সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত।

৯. সহকারী আইসিটি বিশেষজ্ঞ, পিআইইউ-এনএটিপি২-ডিএই, খামারবাড়ি, ঢাকা। পিআইইউ-এনএটিপি২-ডিএই এর ওয়েব-সাইটে প্রচারের নিমিত্ত।

১০. জনাব ...............................................................................................

এডি (পিএফএমও)/ ডিডি (ওএমই)/ এডিডি (এফএমপি), পিআইইউ- এনএটিপি ২-ডিএই, খামারবাড়ি, ঢাকা (৬)।

২৩.১০.২০১৮

(ড. রতন চন্দ্র দে)
পরিচালক

Room no. 618, 5th Floor, Building No. 1, Khamarbari, Farmgate, Dhaka-1215.
Telephone: 880-2-58155613, PABX: 8143541, 8144435, 8144345, Fax: 880-2-8158345, Extn-102
E-mail: ratanbtech@yahoo.co.uk